## ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর
গাজীপুর-১৭০৭।

স্মারক নং- ঢাপ্রপ্রবি/পছাকদ/২০২৬/১০৪ তারিখ ঃ ১৭/০৯/২০২৬ খ্রিঃ

প্রাপক
মোঃ আহাদুজ্জামান আহাদ
স্টুডেন্ট নং ঃ ২৪০১০৩৭
বিভাগ ঃ সিই।

বিষয় ঃ পরীক্ষার হলে অসদুপায় অবলম্বন এবং শৃঙ্খলা ভঙ্গের জন্য কারণ দর্শানোর নোটিশ ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাইতেছে যে, গত ১০/০৯/২০২৬ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত পুরকৌশল বিভাগের আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামের ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের ১ম বর্ষ ২য় সেমিস্টার ক্লাস টেষ্ট পরীক্ষায় "Surveying" (কোর্স নং ঃ CE-1005) বিষয়ে পরীক্ষা চলাকালীন অসদুপায় অবলম্বন করিয়াছেন মর্মে আপনার বিরুদ্ধে সংশ্লিষ্ট পরীক্ষকের লিখিত অভিযোগ পাওয়া যায়। এই প্রেক্ষিতে বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব ডিসিপ্লিন (ছাত্র শৃঙ্খলা কমিটি) এর সভা অদ্য ১৭/০৯/২০২৬ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বিশ্ববিদ্যালয়ের ছাত্র শৃঙ্খলা বিধি (Ordinance Relating to Discipline) এর ১৫(ii) ধারা অনুযায়ী আপনাকে দোষী সাব্যস্ত করা হয়।

এই প্রেক্ষিতে আপনার বিরুদ্ধে কেন বিধি মোতাবেক শাস্তি আরোপ করা হইবে না তাহার জবাব এই পত্র ইস্যুর ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হইল। আপনি আত্মপক্ষ সমর্থনে ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণে ইচ্ছুক কিনা তাহাও লিখিত জবাবে উল্লেখ করিতে পারিবেন। আপনি বর্ণিত সময়ের মধ্যে জবাব দাখিলে ব্যর্থ হইলে আপনার বিরুদ্ধে বিধি মোতাবেক শাস্তি একতরফাভাবে কার্যকর করা হইবে। উল্লেখ্য আপনার উপর শাস্তি আরোপিত হইলে এবং সেইক্ষেত্রে আপনার কোন আপত্তি থাকিলে ছাত্র শৃঙ্খলা বিধি (Ordinance Relating to Discipline) এর ৬ ধারা মোতাবেক একাডেমিক কাউন্সিলের নিকট আপনার আপিলের সুযোগ থাকিবে এবং সেইক্ষেত্রে একাডেমিক কাউন্সিলের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

বোর্ড অব ডিসিপ্লিন (ছাত্র শৃঙ্খলা কমিটি) এর সিদ্ধান্তক্রমে এই নোটিশ জারি করা হইল।

17/09/26

(অধ্যাপক ড. উৎপল কুমার দাস)
সদস্য-সচিব
বোর্ড অব ডিসিপ্লিন (ছাত্র শৃঙ্খলা কমিটি)
ও
পরিচালক (ছাত্রকল্যাণ)
ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর।

স্মারক নং- ঢাপ্রপ্রবি/পছাকদ/২০২৬/১০৪, তারিখ ঃ ১৭/০৯/২০২৬ খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হল ঃ

১। পিএস টু ভিসি (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। এপিএস টু প্রো-ভিসি (প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। সকল ডিন, ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
৪। সকল বিভাগীয় প্রধান, ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
৫। রেজিস্ট্রার, ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
৬। সকল হল প্রভোস্ট, ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
৭। পরীক্ষা নিয়ন্ত্রক, ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
৮। পরিচালক, কম্পিউটার সেন্টার (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রচারের অনুরোধ সহকারে)।
৯। ডেপুটি রেজিস্ট্রার, শিক্ষা শাখা, ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
১০। মোঃ আহাদুজ্জামান আহাদ, স্টুডেন্ট নং-২৪০১০৩৭, মোবাইল নং ঃ ০১৭৩৩-৯৭৬৬৭৪
ই-মেইল- 2401037@student.duet.ac.bd ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
১১। সকল নোটিশ বোর্ড, ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
১২। সংরক্ষণ নথি।

17/09/26

(অধ্যাপক ড. উৎপল কুমার দাস)
সদস্য-সচিব
বোর্ড অব ডিসিপ্লিন (ছাত্র শৃঙ্খলা কমিটি)
ও
পরিচালক (ছাত্রকল্যাণ)
ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর।